

বরেন্দ্র কুমার মুখার্জীর সাথে কথোপকথন

[বরেন্দ্র কুমার মুখার্জী হিন্দু স্কুলের একজন স্বনামধন্য শিক্ষক। উনি ১৯৫৯ থেকে ১৯৮৪ দীর্ঘ ২৫ বছর এই শিক্ষাপ্রতিষ্ঠানের সাথে যুক্ত ছিলেন। এরপর ১৯৯২তে উনি হেয়ার স্কুল অবসর নেন। ওনার প্রাক্তন ছাত্র অরিজিৎ বসুকে দেয়া এক সংক্ষিপ্ত সাক্ষাৎকারে উনি ওনার কিছু অভিজ্ঞতার কথা বলেছেন। বর্তমানে উনি দমদমের কাছে পরিবারের সাথে থাকেন। এই সাক্ষাৎকার পড়ে যদি ওনার কোনো ছাত্র যোগাযোগ করতে আগ্রহী হন, সেক্ষেত্রে ওয়েব সাইট দলের সাথে যোগাযোগ করুন।]

প্রশ্ন:-স্যার, আপনি কতদিন হিন্দু স্কুলে যুক্ত ছিলেন?

উত্তর:-আমি হিন্দু স্কুলে ১৫ই জানুয়ারী ১৯৫৯ থেকে জুলাই ১৯৮৪ পর্যন্ত যুক্ত ছিলাম।

প্রশ্ন:-আপনি তো প্রধানত অঙ্ক পড়াতেন?

উত্তর:-প্রধানত অঙ্কই পড়াতাম। এছাড়াও বিজ্ঞান, ঐচ্ছিক গণিত, বলবিদ্যার ক্লাস ও নিয়েছি।

প্রশ্ন:-স্কুলের কোন উল্লেখযোগ্য ঘটনার কথা মনে পড়ে আপনার?

উত্তর:-এইরকম ঘটনা হিন্দু স্কুলে প্রায়ই ঘটতো। বিশেষভাবে কিছু মনে নেই।

প্রশ্ন:-এমন কোন শিক্ষকের কথা মনে পড়ে যাকে আপনি শ্রদ্ধা করতেন?

উত্তর:-আমার সহশিক্ষক রাধেশ্যামবাবুর সাথেই আমার খুব ভালো সম্পর্ক ছিলো। উনি এখনো জীবিত। ওনার সম্ভবত ৯২ বছর বয়স হলো।

প্রশ্ন:-আপনার কোন প্রিয় ছাত্রের নাম মনে পড়ে?

উত্তর:-ওনেকেই আমার প্রিয় ছাত্র ছিল। এই মুহুর্তে সকলের নাম মনে করতে পারছি না। তবে ৮৬ এর শুভকান্তি দে, ৯৪ এর ব্যাচের শুভ ভট্টাচার্য্য, তারপর ৭০ সালে মাধ্যমিকে যে জেজ আমাদের স্কুল থেকে প্রথম ১০ এর মধ্যে ছিল। তাদের নাম যদিও এই মুহুর্তে মনে করতে পারছি না।

প্রশ্ন:-আপনার এমন কোন ঘটনা মনে করে, যেখানে আপনার কোন ছাত্র দুস্টুমি করতে গিয়ে বা পরীক্ষার সময় অন্যের খাতা থেকে লিখতে গিয়ে ধরা পড়েছে?

উত্তর:-না, কেউ সেরকম আমার সামনে করার সাহস পায়নি।

প্রশ্ন:-আপনার জীবনে হিন্দু স্কুলের ভূমিকা কতখানি?

উত্তর:-আমার জীবনে হিন্দু স্কুলের কোন ভূমিকাই নেই। কি ভূমিকা থাকতে পারে?

প্রশ্ন:-স্যার, আমি বলতে চাইছি, শিক্ষকতা করে আপনি কিরকম আনন্দ পেয়েছেন?

উত্তর:-পড়িয়ে খুবই আনন্দ পেয়েছি। শিক্ষকতা করার যে সত্যিকারের আনন্দ সেটা পেয়েছি। অন্য স্কুলে হয়তো এতোটা আনন্দ পেতাম না। আমি হিন্দু স্কুলে যে সময়টা ছিলাম সেটা ছিল হিন্দু স্কুলের সুবর্ণযুগ।

প্রশ্ন:-আপনি তো এরপর হেয়ার স্কুলে শিক্ষকতা করেন? এই ২টো স্কুলকে কিভাবে তুলনা করবেন আপনি?

উত্তর:-হিন্দু স্কুল হিন্দু স্কুলই, হেয়ার স্কুল কোন তুলনায় আসে না।

প্রশ্ন:-স্যার আমার শেষ প্রশ্ন। আপনি বর্তমানে হিন্দু স্কুলের প্রধানশিক্ষক হলে এমন কি কি পরিবর্তন আনতেন যাতে হিন্দু স্কুল আবার সুবর্ণযুগ ফিরে পেতো?

উত্তর:-আমি কোনদিনই প্রধানশিক্ষক হইনি বা হতে চাইনি। অনেকবারই সুযোগ এসেছিল, কিন্তু আমি প্রত্যাখ্যান করেছি। কারণ, নিয়মানুবর্তীতা বা প্রশাসনিক দক্ষতা রাজনৈতিক ব্যাপার। এগুলো পালন করা সহজ নয়।

অশেষ ধন্যবাদ স্যার, আমার সাথে কথা বলার জন্য।

